



# ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি: ৩

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে। জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজ থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

- সাতপুরা রেঞ্জের সর্বোচ্চ শিখর কোনটি?
  - গুরুশিখর
  - ধূপগড়
  - পাঁচমারি
  - মহেন্দ্রগিরি
- ২০১৮ সালে পুরুষদের মধ্যে শ্রেষ্ঠ ফিফা খেলোয়াড় কে হন?
  - লিওনেল মেসি
  - লুকা মদ্রিদ
  - ক্রিস্টিয়ানো রোনাল্ডো
  - মহম্মদ সালাহ
- ‘দক্ষিণ ভারত হিন্দি প্রচার সভা’-র প্রতিষ্ঠাতা কে?
  - মহাত্মা গান্ধী
  - জওহরলাল নেহরু
  - সর্দার বল্লভ ভাই প্যাটেল
  - দাদাভাই নওরোজি
- চতুর্থ আন্তর্জাতিক আয়ুর্বেদ সম্মেলন (IAvC) ২০১৮ কোন দেশে অনুষ্ঠিত হয়?
  - নেদারল্যান্ডস
  - বেলজিয়াম
  - রাশিয়া
  - ফ্রান্স
- ২০১৮ রয়ান ম্যাগসেসে অ্যাওয়ার্ড কে/কারা পান?
  - দীপক যোশি ও নীলিমা মিশ্র
  - সঞ্জিব চতুর্বেদী
  - কুলেন্দি ফ্রান্সিস
  - ভারত ভাটওয়ানি ও সোনম ওয়াংচুক
- ইংরেজ শাসিত ভারতের রাজধানী কলকাতা কত সাল পর্যন্ত ছিল?
  - ১৯০৯
  - ১৯১০
  - ১৯১১
  - ১৯১২
- ফরাসি বিপ্লবের সন্তান কাকে বলা হয়?
  - বিসমার্ক
  - কামাল পাশা
  - নেপোলিয়ন বোনাপার্ত
  - ফ্রান্সিস বেকন
- বেরিয়াম ব্যবহার করা হয় .....
  - রক্তের গ্রুপ পরীক্ষা করতে
  - পৌষ্টিক নালীর এঞ্জরে করতে
  - মস্তিষ্কের এঞ্জরে করতে
  - এর মধ্যে কোনোটিই নয়
- নবীন ও সমীরের বর্তমান বয়সের অনুপাত 5 : 3. তাদের বয়সের ব্যবধান 6 বছর হলে 5 বছর পর সমীরের বয়স কত হবে?
  - 13
  - 15
  - 14
  - 20
- P একটি কাজ 15 দিনে করতে পারে আবার Q ওই কাজটি 10 দিনে করতে পারে। P কাজটি শুরু করার 5 দিন পর Q এসে তার সঙ্গে যোগ দেয়। বাকি কাজটি শেষ করতে তাদের আর কত দিন লাগবে?
  - 1 দিন
  - 2 দিন
  - 3 দিন
  - 4 দিন
- ‘পরবর্তী গুপ্ত’ বংশের প্রথম স্বাধীন রাজা কে ছিলেন?
  - কুমারগুপ্ত
  - দামোদরগুপ্ত
  - কৃষ্ণগুপ্ত
  - মহাসেনগুপ্ত
- অ্যাসিড বৃষ্টির ফলে কোন দূষণ হয়?
  - বায়ুদূষণ
  - মৃত্তিকাদূষণ
  - জলদূষণ
  - ভূমিদূষণ
- দাম মুদ্রা কী?
  - শেরশাহ প্রবর্তিত তাম্র মুদ্রা
  - আকবর প্রবর্তিত তাম্র মুদ্রা
  - শাহজাহান প্রবর্তিত তাম্র মুদ্রা
  - ওরঙ্গজেব প্রবর্তিত তাম্র মুদ্রা
- A ও B নল একটি ট্যাঙ্কে যথাক্রমে 5 ও 6 ঘণ্টায় পূর্ণ করে। আবার, C নল ট্যাঙ্কটিকে 12 ঘণ্টায় খালি করে। অর্ধপূর্ণ অবস্থায় ট্যাঙ্কটির তিনটি নলই একসঙ্গে খুলে দেওয়া হল। ট্যাঙ্কটি কতক্ষণে পূর্ণ হবে?
  - 1 $\frac{13}{17}$  ঘণ্টায়
  - 2 $\frac{13}{17}$  ঘণ্টায়
  - 1 $\frac{11}{17}$  ঘণ্টায়
  - 1 $\frac{10}{17}$  ঘণ্টায়
- জাতিসংঘ সম্প্রতি নেলসন ম্যান্ডেলা শান্তি দশক (Nelson Mandela Decade of Peace) কত থেকে কত সাল পর্যন্ত ঘোষণা করেছে?
  - ২০১৯-২০২৮ সাল
  - ২০১৮-২০২৭ সাল
  - ২০২১-২০৩০ সাল
  - ২০২২-২০৩১ সাল
- সম্প্রতি কোন আইআইটি পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য একটি কমিউনিটি গড়ে তুলেছে?
  - আইআইটি খড়গপুর
  - আইআইটি বম্বে
  - আইআইটি মাদ্রাজ
  - আইআইটি কানপুর
- বাংলায় কৌলীন্য প্রথা কে চালু করেন?
  - গোপাল
  - বল্লাল সেন
  - লক্ষ্মণ সেন
  - ধর্মপাল
- নিচের কোনটি নিরক্ষীয় সাইক্লোনের নাম নয়?
  - উইলি-উইলি
  - ইটাই-ইটাই
  - হারিকেন
  - টাইফুন
- প্রোটিনের গঠনমূলক একক কী?
  - ফ্যাটি অ্যাসিড
  - গ্লিসারল
  - অ্যামিনো অ্যাসিড
  - নিউক্লিক অ্যাসিড
- একটি নৌকা স্রোতের প্রতিকূলে 30 কিমি ও স্রোতের অনুকূলে 44 কিমি যেতে মোট 10 ঘণ্টা সময় নেয়। আবার, স্রোতের প্রতিকূলে 40 কিমি ও স্রোতের অনুকূলে 55 কিমি যেতে মোট 13 ঘণ্টা সময় লাগে। স্থির জলে নৌকার বেগ ও স্রোতের বেগ কত?
  - 2 কিমি/ঘণ্টা
  - 3 কিমি/ঘণ্টা
  - 5 কিমি/ঘণ্টা
  - 4 কিমি/ঘণ্টা
- ‘আইহোল প্রশস্তি’ কে রচনা করেন?
  - কৌটিল্য
  - রবিকীর্তি
  - হরিসেন
  - কোনোটি ঠিক নয়
- কোন দেশ প্রথম দেশ হিসেবে বাঘের সংখ্যা দ্বিগুণ করেছে?
  - ভারত
  - নেপাল
  - বাংলাদেশ
  - মায়ানমার
- ২০১৮ সালের মহিলা বক্সিং বিশ্ব চ্যাম্পিয়নশিপ কোন দেশে অনুষ্ঠিত হবে?
  - ইন্দোনেশিয়া
  - ভারত
  - জাপান
  - ফ্রান্স
- সম্প্রতিকালে স্টিল অথরিটি অব ইন্ডিয়া সভাপতির পদে কাকে নিযুক্ত করা হয়?
  - ডি গোপী সুরেশ কুমার
  - অনিল কুমার চৌধুরী
  - পি কে রথ
  - সবস্বতী প্রসাদ
- সম্প্রতি কোন ভারতীয়কে নেপাল পর্যটনের জন্য অ্যাম্বাসডর নিযুক্ত করা হয়েছে?
  - জয়া প্রদা
  - অক্ষয় কুমার
  - নাসিরুদ্দিন শাহ
  - রবিনা ট্যান্ডন
- নন্দ বংশের প্রতিষ্ঠাতা কে?
  - মহাপদ্মনন্দ
  - নাগদশক
  - ধননন্দ
  - কাল্যাশোক

27. ২০১৮ সালে দাদাসাহেব ফালকে পুরস্কার কে পান?

- (a) ধর্মেন্দ্র (b) বিনোদ খান্না  
(c) শশী কাপুর (d) কাদের খান

28. সম্প্রতি ভারত কোন দেশে 'গান্ধী মার্চ' করার সিদ্ধান্ত নিয়েছে?

- (a) নেদারল্যান্ডস (b) অস্ট্রেলিয়া  
(c) দক্ষিণ আফ্রিকা (d) কেনিয়া

29. 'ইন্টারফেইথ এলিয়েন্স ফোরাম ২০১৮' কোন দেশে অনুষ্ঠিত হবে?

- (a) ইরান (b) ইজরায়েল  
(c) ভারত (d) দ্য ইউনাইটেড আরব এমিরেটস

30. শিখ ধর্মে 'লঙ্গর পদ্ধতি' কে প্রচলন করেন?

- (a) গুরু অঙ্গদ (b) গুরু অর্জুন  
(c) গুরু তেগবাহাদুর (d) গুরু নানক

### ANSWERS

1. (b) 2. (b) 3. (a) 4. (a) 5. (d) 6. (c) 7. (a) 8. (b) 9. (c) Nabin  
: Samir = 5 : 3 অর্থাৎ, দুইজনের বয়সের অনুপাতের পার্থক্য (5 - 3) = 2  
অনুপাত।

প্রশ্নানুযায়ী, 2 অনুপাত = 6 বছরের পার্থক্য

অতএব 1 অনুপাত = 3 বছর

অতএব 5 বছর পরে সমীরের বয়স হবে 3×3 অনুপাত + 5 বছর  
= (9 + 5) = 14 বছর।

10. (d) P, 5 দিনে কাজটি করার পর বাকি থাকে =  $\left\{1 - \left(\frac{1}{15} \times 5\right)\right\}$  বা,  $\frac{2}{3}$  অংশ কাজ

এখন (P + Q) সম্পূর্ণ কাজটি করতে পারে =  $\left(\frac{10 \times 15}{10 + 15}\right) = 6$  দিনে

বাকি কাজ শেষ হবে =  $\left(6 \times \frac{2}{3}\right)$  বা, 4 দিনে।

11. (c) 12. (b) 13. (a) 14. (a) Basic rules-এর 5 নং এর formulaটি  
প্রযোজ্য।

1 ঘণ্টায় পূর্ণ হয় =  $\left(\frac{1}{5} + \frac{1}{6} - \frac{1}{12}\right) = \frac{17}{60}$  অংশ

অতএব,  $\frac{1}{2}$  অংশ পূর্ণ হয় =  $\left(\frac{1}{17/60}\right) \times \frac{1}{2}$  ঘণ্টায় =  $1\frac{13}{17}$  ঘণ্টায়

15. (a) 16. (a) 17. (b) 18. (b) 19. (c) 20. (b) প্রথমে প্রশ্নটিকে নীচের  
ছক অনুসারে সাজাতে হবে।

শ্রোতের প্রতিকূলে	শ্রোতের অনুকূলে	সময়
30	44	10
40	55	13

এখন, 'cross-multiplication'-এর নিয়ম প্রয়োগ করে পাই।

শ্রোতের প্রতিকূলে বেগ =  $\frac{30 \times 55 - 40 \times 44}{55 \times 10 - 44 \times 13} = \frac{-110}{-22} = 5$  কিমি/ঘণ্টা

শ্রোতের অনুকূলে বেগ =  $\frac{30 \times 55 - 40 \times 44}{30 \times 13 - 40 \times 10} = \frac{-110}{-10} = 11$  কিমি/ঘণ্টা

অতএব, নৌকার বেগ =  $\frac{1}{2}(11 + 5) = 8$  কিমি/ঘণ্টা [Basic rule 2(iii)]

এব শ্রোতের বেগ =  $\frac{1}{2}(11 - 5) = 3$  কিমি/ঘণ্টা [Basic rule 2(IV)]

21. (b) 22. (b) 23. (b) 24. (b) 25. (a) 26. (a) 27. (b) 28. (a)

29. (d) 30. (d)